



তথ্যবিবরণী

নম্বর-২৬৩

কৃষক বাঁচলে, দেশ বাঁচবে

--কৃষিমন্ত্রী

রাজশাহী; ০৩ জ্যৈষ্ঠ (১৭ মে):

কৃষিমন্ত্রী ড. মো: আব্দুস শহীদ, এমপি বলেছেন, বাংলাদেশ একটি কৃষি প্রধান দেশ। এ দেশের কৃষক বাঁচলে দেশ বাঁচবে। ভূমি খালি রেখে দেশ রক্ষা সম্ভব নয়, তার জন্য কৃষকদের যা সহযোগিতা লাগবে- সার, পানি ও হারভেস্ট তা সময় মতো ব্যবস্থা করার কোনো বিকল্প নেই।

আজ শুক্রবার (১৭ মে) বিকালে রাজশাহী সার্কিট হাউজ সম্মেলনকক্ষে 'Water-Efficient Futures: Scaling Agricultural Interventions in the Water-Scarce Barind Region' শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

কৃষিমন্ত্রী বলেন, কৃষি কাজের সাথে সম্পৃক্ত সকল সরকারি-বেসরকারি কর্মকর্তাদের এক হয়ে কাজ করতে হবে। কৃষকদের ফসলের উৎপাদন বৃদ্ধিতে উৎসাহিত করতে হবে। প্রত্যেক এলাকার মাটি পরীক্ষা করে কোন ফসল ফলালে উৎপাদন বেশি হবে সে বিষয়ে কৃষকদের পরামর্শ দিতে হবে। কোনো অবস্থাতেই যেন কৃষকরা ক্ষতিগ্রস্ত না হয়, সেদিকে নজর রাখতে হবে।

আব্দুস শহীদ বলেন, বাংলাদেশে কোনো খাদ্য ঘাটতি নেই। দেশের মানুষের খাদ্যের চাহিদা পূরণ করে অবশিষ্ট খাদ্য সংরক্ষণের জন্য সরকার দেশের ৮টি বিভাগে কোল্ড স্টোরেজ স্থাপনের পরিকল্পনা করেছে।

তিনি বলেন, কৃষি উৎপাদন বৃদ্ধিতে কৃষকদের উৎসাহিত করতে ওয়ার্ল্ড ব্যাংক আমাদের সহযোগিতা করেছে। সেই সুযোগ সঠিকভাবে কাজে লাগাতে হবে।

তিনি আরও বলেন, জিডিপিতে কৃষি খাতের অবদান শতকরা ১২ শতাংশ। এটা আরও বৃদ্ধি করতে হবে। ভবিষ্যতে রাজশাহী থেকে ১ লক্ষ মেট্রিক টন উদ্বৃত্ত চাল উৎপাদনের প্রত্যাশা ব্যক্ত করেন তিনি।

কৃষিমন্ত্রী বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান চেয়েছিলেন দেশের মানুষের মুখে হাসি ফুটাতে এবং ক্ষুধামুক্ত দেশ গড়তে। তারই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই লক্ষ্য নিয়ে দেশকে এগিয়ে নিয়ে যাচ্ছে। হেনরি কিসিঞ্জারের সেই তলাবিহীন ঝুড়ির দেশ আজ পৃথিবীর মধ্যে একটি রোল মডেল।

অতিরিক্ত বিভাগীয় কমিশনার মো: ইমতিয়াজ হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠানে ওয়ার্ল্ড ব্যাংকের প্রোগ্রাম ম্যানেজার মাইকেল জন ওয়েবস্টার, কোকা-কোলা বাংলাদেশ লিমিটেডের ম্যানেজিং ডিরেক্টর (এমডি) এমএস. জু-আন নাহার চৌধুরী উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে বিভিন্ন সরকারি-বেসরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, এনজিও প্রতিনিধি এবং কৃষকবৃন্দ উপস্থিত ছিলেন।

তৌহিদ/আতিক/রুহুল/২০২৪/১৭.৩০ ঘ.